# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯১১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুসল্লী ব্যক্তিকে হাতের তালুর উপর ভর করে সাজদা করার নির্দেশ, কেননা চেহারা যেমন সাজদা করে অনুরূপভাবে অন্যান্য অঙ্গগুলোও সাজদা করে

## ذِكْرُ الْأَمْرِ بالادِّعام عَلَى الرَّاحَتَيْنِ عِنْدَ السُّجُودِ لِلْمُصَلِّي إِذِ الْأَعْضَاءُ تَسْجُدُ كَمَا يَسْجُدُ الْوَجْهُ

---

আরবী

1911 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ سَعْدِ بْنِ إِبْرَاهِيمَ الزُّهْرِيُّ حَدَّثَنَا أَبِي وَعَمِّي قَالَا: حَدَّثَنَا أَبِي عَنِ ابْنِ إِسْحَاقَ حَدَّثَنِي مِسْعَرُ بْنُ كِدَامٍ عَنْ آدَمَ بْنِ عَلِيٍّ الْبَكْرِيِّ عَنِ ابْنِ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ:
(لَا تَبْسُطْ ذِرَاعَيْكَ إِذَا صَلَّيْتَ كَبَسْطِ السَّبُعِ وادَّعِمْ عَلَى رَاحَتَيْكَ وجَافِ عَنْ ضَبْعَيْكَ فَإِنَّكَ إِذَا فعلت ذلك سجد كل عضو منك)
الراوي : ابْن عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1911 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صفة الصلاة))

বাংলা

১৯১১. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল  সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যখন তুমি সালাত আদায় করবে, তখন তুমি তোমার দুই হাতকে হিংস্র প্রাণীর মতো বিছিয়ে দিবে না। (সাজদায়) তুমি তোমার দুই হাতের তালূর উপর ভর দিবে এবং হাতকে দুই পার্শ্ব থেকে দূরে রাখবে। কেননা যখন তুমি এরকম করবে, তখন তোমার প্রতিটি অঙ্গ সাজদা করবে।”[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ৬৪৫; হাইসামী, মাজমা‘উয যাওয়াইদ: ২/১২৬; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২৯২৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ শক্তিশালী বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সিফাতুস সালাত)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91127

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন